

সূত্র

প্রিন্ট: ২৯ জুলাই ২০২৫, ০৪:২৩ পিএম

শিক্ষাঙ্গন

রুয়েট শিক্ষার্থীদের বিক্ষোভ



রাজশাহী ব্যুরো

প্রকাশ: ২৮ জুলাই ২০২৫, ১০:৫৬ পিএম



বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের (বিএমডিএ) প্রধান কার্যালয়ের সামনে গিয়ে বিক্ষোভ করেছেন রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) শিক্ষার্থীরা।

সোমবার দুপুর ১২টার দিকে তারা এ বিক্ষোভ করেন। বিক্ষোভ থেকে সহকারী প্রকৌশলী পদেও বিএসসি প্রকৌশলীদের আবেদনের সুযোগ দেওয়ার দাবি জানান। এসব পদে সাধারণত উপসহকারী প্রকৌশলী পদে চাকরিতে ঢুকে ডিপ্লোমা প্রকৌশলীর পদোন্নতি পেয়ে থাকেন।

শিক্ষার্থীরা বলেন, বৈষম্য রাখা যাবে না। বৈষম্য নিরসনেই আমাদের এ আন্দোলন। বিক্ষোভ সমাবেশ থেকে শিক্ষার্থীরা তিনটি দাবি তুলে ধরেন। এগুলো হলো- নবম গ্রেডে কোনো ধরনের কোটার মাধ্যমে নিয়োগ দেওয়া যাবে না, এখানে বিএসসি ইঞ্জিনিয়ারদের নিয়োগ দিতে হবে। ডিপ্লোমাধারীরা যদি নিয়োগ পেতে চান, তাহলে অবশ্যই বিএসসি ইঞ্জিনিয়ারিং সম্পূর্ণ করে নিয়োগ দিতে হবে। আর দশম গ্রেডে সবাইকে উন্মুক্ত করতে হবে।

শিক্ষার্থীরা বলেন, বিএসসি ইঞ্জিনিয়ারিং না পড়েও অনেকে প্রকৌশলী হিসেবে পরিচয় দেন, এটা দুঃখজনক। রহস্যজনক কারণে বিএমডিএ দীর্ঘদিন ধরে প্রকৌশল পদগুলোতে নিয়োগ বন্ধ রেখেছে; কিন্তু ডিপ্লোমাধারীদের ভারপ্রাপ্ত হিসেবে নিয়োগ দিয়েই তারা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এর ফলে প্রকৃত প্রকৌশলীরা তাদের অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। এটা চলতে পারে না।